কোটচাঁদপুরে নানা আয়োজনে স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত

২৬ মার্চ বাঙ্গালীর জাতীয় জীবনে এক ঐতিহাসিক ও গৌরবের দিন। মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের এ অবিস্মরনীয় দিনে সশ্রদ্ধচিত্তে স্মরণ করছে জাতি।

দিনটি যথাযথ মর্যাদার সাথে উদ্যাপন করার লক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের পক্ষ থেকে নানা কর্মসূচি পালন করা হয়। শনিবার দিবসের প্রথম প্রহরে স্থানীয় সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে মাঠ প্রাঙ্গনে একত্রিশবার তোপধ্বনির মধ্যে দিয়ে দিবসটির সূচনা করা হয়।

পরে কোটচাঁদপুর কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এতে উপজেলা প্রশাসন, উপজেলা পরিষদ, থানা পুলিশ, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা ও পৌর আওয়ামী লীগ এবং অঙ্গ সংগঠন , উপজেলা ও পৌর বিএনপি সহ বিভিন্ন রাজনৈতিক সামাজিক, সাংস্কৃতিক, সাংবাদিক সংগঠন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা শহীদ বেদীতে শ্রদ্ধা নিবেদন করেন।

পরে উপজেলা প্রশাসনের আয়োজনে সকাল ৮টায় স্থানীয় সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সংগঠনের পক্ষ থেকে কুচকাওয়াজ ও সালাম গ্রহন করা হয়।

পরে উপজেলা প্রশাসনের আয়োজনে বিদ্যালয় ভবন মিলনায়তনে স্বাধীনতার বীর মুক্তিযোদ্ধা যুদ্ধাহত ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম সহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা

উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি মহান স্বাধীনতায় অগ্রণী ভূমিকা রাখায় বীর মুক্তিযোদ্ধা, যোদ্ধাহত ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের হাতে সম্মাননা ক্রেষ্ট তুলে দেন।

সন্ধায় উপজেলা পরিষদ প্রাঙ্গনে মনোজ্ঞ সাং◌াস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শীলা বেগম ও তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা।

জীবননগরে মহান স্বাধীনতা দিবস পালিত

চুয়াডাঙ্গা জীবননগরে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস । শনিবার সকাল ৮টার সময় মুক্কিযোদ্ধা কমপ্লেক্স ভবনের সমানে ৩১বার তোপধ্বনি ও জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন,কুচকাওয়াজ,শরীরচর্চা প্রদর্শন ও পুরস্কার বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,পৌর মেয়র রফিকুল ইসলাম,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আব্দুল লতিফ,বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান,দলিল উদ্দিন দলু,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকি,জীবননগর পৌর আওয়ামীলীগের সভাপতি নাসির উদ্দিন,সাধারন সম্পাদক ও সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল খালেক,জীবননগর পৌর যুবলীগের

সভাপতি শাহ আলম শরিফুল ইসলাম ছোট বাবু,সাধারন সম্পাদক মজিবার রহমান সহ স্থানীয় রাজনৈতিক নেতাকর্মি ও সুধীব্যাক্তিগন উপস্থিত ছিলেন।উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন উপজেলা মাধমিক শিক্ষা অফিসার দ্বিনেশ চন্দ্র পাল,উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার।

হরিণাকুণ্ডুতে মৎস্য জলাশয় রক্ষার দাবীতে মানববন্ধন

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে বাঁওড় ও মৎস্য জলাশয় রক্ষার দাবীতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে এলাকার মৎস্যজীবী ও সাধারণ মানুষ। শনিবার সকাল ১১টায় উপজেলার সোনাতনপুর বাঁওড়ের বাধের উপর এই কর্মসূচি পালন করা হয়। মানববন্ধনে বক্তব্য রাখেন বাঁওড় রক্ষা কমিটির সভাপতি ৪নং দৌলতপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগ নেতা আবু বকর সিদ্দিক, সাধারণ সম্পাদক এলেম মন্ডল। এছাড়াও মৎস্যজীবী সমিতির সদস্য রবীন হালদার, অবনীশ হালদার, সুকুমার হালদার, স্বপন হালদারসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

মানববন্ধনে উপস্থিত মৎস্যজীবীরা ব

লেন, নবগঙ্গা নদীর হরিনাকুন্ডু এলাকার ভুইয়াপাড়া গ্রামের মোড় থেকে ভেড়াখালী গ্রামের পাশ দিয়ে ইউ আকৃতির বাকে পানি প্রবাহ বাধা প্রাপ্ত হওয়ায় পানি উন্নয়ন বোর্ড ১৯৮১ সালে ৮শ মিটার নতুন নদী খনন করে এই ইউ আকৃতি অংশে

র মাথায় একটি বাঁধ দিয়ে দেয়। যার ফলে নদীর এই অংশ মরা খালে পরিনত হয়। বাধ দেওয়া এ্ই ইউ অংশের ৫ কি.মি এর মধ্যে ২.৫০ কি.মি. সংস্কার করে ১৯৯২-৯৩ সালে এলাকার মৎস্যজীবীরা সরকারের সহযোগীতায় মাছ চাষ করে। পরিত্যক্ত এই ২.৫ কিমি দীর্ঘ নদীর জলাকারের পরিমাণ ৪২ একর। এখানে মাছ চাষ করে প্রায় ১০০টির অধিক পরিবার তাদের জীবিকা নির্বাহ কেও এবং সরকার প্রতি বছর এই প্রকল্প থেকে ৬ লক্ষ টাকার রাজস্ব পায়।

একটি বিশেষ মহল উন্নয়নশীল এই প্রকল্পটি বন্ধ করে উন্মুক্ত করে দেয়ার পায়তারা চালাচ্ছে। তারই প্রতিবাদে মানববন্ধন করেছে মৎস্যজীবীরা। মৎস্যচাষের উপযোগী এই জলাশয় টি পুন:রায় উন্মুক্ত করে দিলে ১০০টির অধিক মৎস্যজীবী পরিবার কাজ হারিয়ে যেমন রাস্তায় বসবে, তেমনি সরকার প্রতি বছর এই বাওড় ও জলাশয় থেকে ৬লাখ টাকার অধিক রাজস্ব হারাবে। বিষয়টি বিবেচনার জন্য কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করেছেন।

মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস উপলক্ষে বই বিতরণ

মেহেরপুরে মহান স্বাধীনতার ৫১ বছর পালন উপলক্ষে উন্মুক্ত পাঠগৃহের আজীবন সদস্য নাসিরউদ্দিন বাবু তার নিউ অর্থায়নে ৫১ টি বই উন্মুক্ত পাঠগৃহ লাইব্রেরীতে বিতরণ করেন।

আজ শনিবার দুপুরে মেহেরপুরের গড়পাড়াই উন্মুক্ত পাঠগৃহ লাইব্রেরীতে এসকল বই বিতরণ করা হয়। নাসিরউদ্দিন বাবু নিজ হাতে এ সকল বই লাইব্রেরী কর্তৃপক্ষের হাতে তুলে দেন। এসময় মেহেরপুর শহর আওয়ামী লীগের সভাপতি শেখ কামাল, রবিউল হুদা সজ্বল,শহর যুবলীগের সাধারণ সম্পাদক মোঃ তৌফিকুর ইসলাম, সদর থানা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন আনু প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নানা আয়োজনে পালিত হচ্ছে স্বাধীনতা দিবস

মেহেরপুরে নানা আয়োজনে মধ্য দিয়ে পালিত হচ্ছে স্বাধীনতা দিবস। শনিবার সকালে সার্কিট হাউজ প্রাঙ্গণে তোপধ্বনির মাধ্যমে দিবসের

সূচনা হয়।

মেহেরপুর স্টেডিয়ামে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা উত্তোলন করেন এ সময় সেখানে কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শন করা হয়।

মহান স্বাধীনতা দিবস প্যারেডে অংশগ্রহণ করে বাংলাদেশ পুলিশ, জেল পুলিশ, ফায়ার সার্ভিস, আনসার ও ভিডিপি, বিএনসিসি সরকারি কলেজ, বিএনসিসি সরকারি মহিলা কলেজ, বিএনসিসি সরকারি বালক উচ্চ বিদ্যালয়, রোভার স্কাউট মেহেরপুর সরকারি কলেজ, সরকারি মহিলা কলেজ রোভার দল, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এন্ড বিএম কলেজ, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, স্কাউট সরকারি বালক উচ্চ বিদ্যালয়।

এছাড়াও মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, এ এল এম জিয়াউল হক ফ্রেন্ডস ফাউন্ডেশন, কবি নজরুল শিক্ষা মঞ্জিল, জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ সহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীরা মহড়ায় অংশগ্রহণ করেন।

এ সময় জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান প্যারেড পরিদর্শন ও সালাম গ্রহণ করেন। পরে তিনি শান্তির প্রতীক পায়রা ওড়ান এবং মেহেরপুর বাসীর উদ্দেশ্যে ভাষণ দেন। পরে সেখানে মনোজ্ঞ শরীরচর্চা প্রদর্শন ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এ সময় পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, জেলা ও দায়রা জজ মোঃ ওয়ালীউর রহমান, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মুজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমুল হুদা, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, পিপি পল্লব ভট্টাচার্য, উপজেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট মিয়াজান আলী, প্রফেসর হাসানুজ্জামান মালেক, সদর থানার ওসি শাহ দারা সহ সরকারি কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে যথাযথ মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালন

মেহেরপুরে যথাযথ মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালন করা হয়েছে। শনিবার সকালে মেহেরপুর কলেজ মোড়ে অবস্থিত শহীদ স্মৃতিসৌধে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

এসময় মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম, পুলিশ সুপার রাফিউল আলম,জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম,মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, পিপি পল্লব ভট্টাচার্য, উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর পৌরসভা মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট মিয়াজান আলী প্রমুখ স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করেন।

এছাড়াও জেলা ছাত্রলীগ, জেলা যুবলীগ,জেলা কৃষকলীগ, মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা শ্রমিক লীগ, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পল্লী বিদ্যুৎ, মেহেরপুর সরকারি গণগ্রন্থাগার, মেহেরপুর শিল্পকলা, সমবায় অফিস, কৃষিবিদ ইনস্টিটিউশন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ,জে আনসার ভিডিপি, টিটিসি ও মেহেরপুরের সকল শিক্ষাপ্রতিষ্ঠান এ সময় স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করেন।

আওয়ামী লীগ নেতার বিরুদ্ধে শালিসের নামে ১ লাখ ৪০ হাজার টাকা আদায়

ধানখোলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলী আজগরের বিরুদ্ধে শালিসের নামে ১ লাখ ৪০ হাজার টাকা আদায় ও লিজকৃত পুকুরের মাছ

আত্মসাতের অভিযোগ এনে সাংবাদিক সম্মেলন করেছেন আলমডাঙ্গা উপজেলার ভাঙবাড়িয়া গ্রামের মাছ চাষী মহাম্মদ আলী।

গাংনী উপজেলার কসবা ভাটপাড়া গ্রামের স্থানীয় এক নারীর সাথে মিথ্যা অভিযোগ দিয়ে তিনি এ টাকা আদায় করেছেন বলে সাংবাদিক সম্মেলন অভিযোগ আনেন ওই ব্যাক্তি।

গতকাল শুক্রবার বিকালে গাংনী উপজেলা শহরের বাসস্ট্যান্ড এলাকায় এ সংবাদ সম্মেলন করেন তিনি। এসময় তার সাথে ছিলেন মহাম্মদ আলীর চাচাত কুটুম কসবা গ্রামের সোহরাব হোসেন।

লিখিত বক্তব্যে তিনি অভিযোগ আনেন, আমি গত বছরে ধানখোলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলী আজগরের কাছ থেকে তিন লক্ষ টাকা দিয়ে একটি পুকুর তিন বছরের নিয়ে মাছ চাষ শুরু করি।

আমি সেখানে থাকা অবস্থায় বিভিন্ন সময়ে আলী আজগর ও তার লোকজন আমাকে বিভিন্ন ভাবে অত্যাচার করেন। আমাকে পুকুর লিজ দিয়ে আবার সেই পুকুরের মাছ আত্মসাৎ করতে বিভিন্ন ষড়যন্ত্র শুরু করেন।

সব শেষে ভাটপাড়া গ্রামের সৌদী প্রবাসীর স্ত্রী চাইনা খাতুনের সাথে মিথ্যা অপবাদ দিয়ে আমার কাছ থেকে ১ লাখ ৪০ হাজার টাকা আদায় করেছেন।

আমার কাছ থেকে ব্লাক মেইল করে নেওয়া সেই টাকা আমি তার কাছ থেকে ফেরৎ পেতে এই সংবাদ সম্মেলন করেছি। তিনি আরও জানান চাইনা খাতুন নামের ওই প্রবাসীর স্ত্রীর সাথে আমার ভাল সম্পর্ক।

তার স্বামীর অনুরোধে তাকে আমি রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা করাতে নিয়ে গিয়েছিলাম। সেখানে গিয়ে মোবাইল ফোনে তার প্রবাসী স্বামীর সাথে মনোমালিণ্য হয়।

পরে সে ১০ টি ঘুমের বড়ি খেয়ে সঙ্গাহীন হয়ে পড়ে। এঘটনায় আমি তাকে হাসপাতালে ভর্তি করিয়ে ৫/৬ দিন সেখানে থাকতে হয়। পরে আমরা বাড়ি ফিরে এলে তারা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করে।

তবে এঘটনায় আলী আজগর জানান, প্রবাসীর স্ত্রী চাইনা খাতুনের সাথে সে বেশ কয়েকদিন বাইরে থাকার পর চাইনা খাতুন তার স্বামীর বাড়ি ফিরে এলেও তখন থেকেই পলাতক আছে মহাম্মদ আলী।

এঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হলে ওই নারীই আমাদের কাছে

অভিযোগ দেন তার বিরুদ্ধে। সে জানায় সমিতি থেকে লোন উত্তোলন করে মহাম্মদ আলীকে ৯০ হাজার টাকা দিয়েছেন।

মহাম্মদ আলীর কুটুম সেই ৯০ হাজার টাকা বিচার শালিসের মাধ্যমে ফেরত দিয়েছেন। জনসম্মুখে সে টাকা চাইনা খাতুনের হাতে তুলে দেওয়া হয়েছে। এনিয়ে স্ট্যাম্পে লেখাপড়া করে নেওয়া হয়েছে।

গাংনীতে ২৫ মার্চ জাতীয় গণহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা

২৫ শে মার্চ জাতীয় গণহত্যা দিবস -২০২২ পালন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সকাল সাড়ে ১০ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে গাংনী উপজেলা সভাকক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে আলোচনা করেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর -২ গাংনী আসনের সাবেক সাংসদ মকবুল হোসেন, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইযাসমিন, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার বিশেষ প্রতিনিধি (ওসি তদন্ত) মনোজিৎ নন্দী, জেলা জাতীয় পার্টি (জেপির) সভাপতি আব্দুল হালিম প্রমুখ।

সভায় উপজেলা মৎস্য অফিসারের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের বিশেষ প্রতিনিধি মনিরুজ্জামান আতু, উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুন, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার আমিরুল ইসলাম, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম, উপজেলা

ছাত্রলীগের সেক্রেটারী আসিফ ইকবাল অনিক প্রমুখ্।

বক্তারা বলেন, ১৯৭১ সালের ২৫ মার্চ কালোরাত্রিতে পাক হানাদার বাহিনী ইতিহাসের সেই ভয়াল কালরাত্রি, বর্বরোচিত, নৃশংস হত্যাযজ্ঞ চালিয়ে নিরস্ত্র নিরীহ মানুষের উপর অত্যাচার নির্যাতন, বুদ্ধিজীবীদের হত্যা করেছিল। অনুষ্ঠানে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ,শিক্ষক, সাংবাদিক, মুক্তিযোদ্ধাবৃন্দ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে গণহত্যা দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় গণহত্যা দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে শুক্রবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা প্রশাসনের আয়োজনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, অফিসার ইনচার্জ মঈন উদ্দিন।

তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানার সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার মহাসিন আলী, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থী তামান্না মারজান প্রমূখ।

বক্তারা বলেন, ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে বুদ্ধিজীবি,সাংবদিক সহ

প্রায় ১ লক্ষ মানুষকে হত্যা করা হয়। পৃথিবীর ইতিহাসে এতো বড় নারকীয় গণহত্যা কোন দেশে হয়নি।

সে দিনের নিষ্ঠুরতার কাহিনী স্মরণ করে আজও অনেকে আঁতকে ওঠেন। এসময় উপজেলা আ.লীগের সিনিয়র সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক শিক্ষার্থী, সাংবদিক এবং নানা শ্রেণী-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

গাংনী গণহত্যা দিবস উপলক্ষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান

২৫ মার্চ গণহত্যা দিবস ২০২২ উপলক্ষে গাংনী উপজেলা প্রশাসন কর্তৃক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।
শুক্রবার সন্ধ্যায় গাংনী উপজেলা পরিষদ চত্তর এ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের আহবায়ক উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু আনুষ্ঠানিক ভাবে অনুষ্ঠানের উদ্বোধন করেন।সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীর শিল্পীবৃন্দ।

অনুষ্ঠানে হারমোনীয়ামে সহযোগীতা করেন ওস্তাদ সেলিম রেজা, তবলায় বুলবুল আহমেদ, জিপসীতে সাংবাদিক সাহাজুল ইসলাম সাজু ও দোতারায় জেএস বাপ্পী ছিলেন।

সংগীত পরিবেশন করেন মাহবুবা আক্তার বিউটি, মকসুরাতুম লাজ, আদ্রিতা ইমরোজ মেঘ, আজিজুল হক রানু, গোলাম মোস্তফা, নিরব হোসেন ও শিশু শিল্পী আরোহী।